



জাতীয় সংসদ নির্বাচনের তফসিল সংশোধন করে প্রজ্ঞাপন ইসির



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ঘোষিত তফসিলে সংশোধন এনেছে নির্বাচন কমিশন (ইসি)। সংশোধিত সিদ্ধান্ত অনুযায়ী, মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপিল দায়েরের সময়সীমা দুই দিন কমানো হয়েছে এবং আপিল নিষ্পত্তির সময়সীমা দুই দিন বাড়ানো হয়েছে।

এ সংক্রান্ত প্রজ্ঞাপন শনিবার (২০ ডিসেম্বর) জারি করা হয়। নতুন তফসিল অনুযায়ী, রিটার্নিং কর্মকর্তার মনোনয়নপত্র বাছাই সংক্রান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার সময় ৫-১১ জানুয়ারির পরিবর্তে ৫-৯ জানুয়ারি নির্ধারণ করা হয়েছে। অন্যদিকে, আপিল নিষ্পত্তির সময়কাল ১২-১৮ জানুয়ারির বদলে ১০-১৮ জানুয়ারি করা হয়েছে।

উল্লেখ্য, গত ১১ ডিসেম্বর নির্বাচন কমিশন জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণা করে। তফসিল অনুযায়ী, আগামী ২৯ ডিসেম্বর পর্যন্ত প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিতে পারবেন। ৩০ ডিসেম্বর থেকে ৪ জানুয়ারি পর্যন্ত মনোনয়নপত্র যাচাই-বাছাই চলবে। এরপর সংশোধিত সিদ্ধান্ত অনুযায়ী ৫ থেকে ৯ জানুয়ারি পর্যন্ত প্রার্থিতা বাতিলের বিরুদ্ধে আপিল করা যাবে এবং ১০ থেকে ১৮ জানুয়ারি পর্যন্ত আপিল নিষ্পত্তি করা হবে।

এ ছাড়া, প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন নির্ধারণ করা হয়েছে ২০ জানুয়ারি। পরদিন ২১ জানুয়ারি প্রতীক বরাদ্দ দেওয়া হবে। ২২ জানুয়ারি থেকে নির্বাচনী প্রচারণা শুরু হয়ে চলবে ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৭টা পর্যন্ত। আগামী ১২ ফেব্রুয়ারি জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।